কম্প্রিহেনসিভ

# ইংলিশ ফর মাদরাসা স্টুডেন্টস

কম্প্রিহেনসিভ

# ইংলিশ ফর মাদরাসা স্টুডেন্টস


## রাকিবুল হাসান

তাকমিল : মাদরাসা বাইতুল উলুম ঢালকানগর


ইফতা : জামিয়াতুল মাআরিফ আল ইসলামিয়া

শিক্ষার্থী : আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়



ফাউন্টেন

পা ব লি কে শ ন্স




**কম্প্রিহেনসিভ ইংলিশ ফর মাদরাসা স্টুডেন্টস**
রাকিবুল হাসান
**প্রথম প্রকাশ**
আগস্ট ২০২৪
**স্বত্ব**
লেখক
**প্রচ্ছদ**
আহমদ বোরহান
**বানান ও সজ্জা**
সাহিত্যসারথি
**প্রকাশক**
আবদুর রহমান আদ-দাখিল
**প্রকাশনা**
ফাউন্টেন পাবলিকেশন্স
**বিক্রয়কেন্দ্র** : দোকান নং ২১
কওমি মার্কেট (১ম তলা)
৬৫/১ প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০
০১৭৬৮-৮৬৪৪২৮
**অফিস** : বাড়ি ৩১৩/১৭/১২, উত্তর সানারপাড়,
সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১
০১৭৮৯৮৫৪৬০২
**অনলাইন পরিবেশক**
Rokomari - Wafilife
**আইএসবিএন**
৯৭৮-৯৮৪-৯৭৫৩২-৭-৮

**মুদ্রিত মূল্য**
৩০০৳

# সূচি


CHAPTER-1 ............... 10

CHAPTER-2 .............. 15

CHAPTER-3 ............... 19

CHAPTER-4 ............... 22

CHAPTER-5 ............... 27

CHAPTER-6 ............... 33

CHAPTER-7 ............... 38

CHAPTER-8 ............... 45

CHAPTER-9 ............... 53

CHAPTER-10 ............ 55

CHAPTER-11 ............ 60

CHAPTER-12 ............ 65

CHAPTER-13 ............ 68

CHAPTER-14 ............ 73

CHAPTER-15 ............ 76

CHAPTER-16 ............ 80

CHAPTER-17 ............ 84

CHAPTER-18 ............ 87

CHAPTER-19 ............ 94

CHAPTER-20 ............ 99

CHAPTER-21 ...........106

CHAPTER-22 ...............110

CHAPTER-23 ...............116

CHAPTER-24 ...............122

CHAPTER-25 ...............128

CHAPTER-26 ...............132

CHAPTER-27 ...............138

CHAPTER-28 ...............145

CHAPTER-29 ...............152

CHAPTER-30 ...............155

CHAPTER-31 ...............157

CHAPTER-32 ...............159

CHAPTER-33 ...............163

CHAPTER-34 ...............166

CHAPTER-35 ...............168

CHAPTER-36 ...............169

CHAPTER-37 ...............171




# প্রকাশকের কথা

মানবজীবন বৈষয়িক উন্নতি ও সাফল্যের জন্য কমিউনিকেশন স্কিল বা যোগাযোগদক্ষতাকে অন্যতম গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে বিবেচনা করা হয়। শুধু বৈষয়িক উন্নতি কেন, কোনো জীবনদর্শন বা ধর্মপ্রচার করতে চাইলেও একমাত্র মাধ্যম হচ্ছে যোগাযোগদক্ষতা। আর যোগাযোগের অবিকল্প মাধ্যম হচ্ছে ভাষা। যার ভাষাগত যোগ্যতা যত ভালো, সে যোগাযোগে তত দক্ষ। এজন্য যে যতবেশি ভাষা জানে, তাকে তত বড় পণ্ডিত জ্ঞান করা হয়।

বাংলাদেশের প্রচলিত ধারার কওমি মাদরাসাছাত্ররা তাদের মাধ্যমিক স্তরের প্রথম তিন-চার বছরের মধ্যেই গুরুত্বপূর্ণ তিনটি ভাষা শিখে ফেলে। যথা উর্দু, ফারসি, আরবি। বর্ণপরিচয়ের দিকটা শিখে ফেললেই উর্দুর কাছাকাছি ভাষা হিন্দিটা শেখা  হয়ে যায়, যা প্রায় ৬০ কোটি মানুষের বোধগম্য ভাষা। বাংলা, উর্দু, আর হিন্দিতে পৃথিবীর প্রায় ১০০ কোটি মানুষ কথা বলতে পারে। ফারসি ভাষা ব্যবহৃত হয় আফগানিস্থান, ইরান, ইরাক, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, আজারবাইজান ও ইমাম শামিলের দেশ দাগেস্তানে প্রায় ১৩ কোটির বেশি মানুষের ভাষা হিসাবে। এ ছাড়া আরব উপদ্বীপ, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকাসহ প্রায় ৩০ কোটির বেশি মানুষ আরবি ভাষায় মনের ভাব প্রকাশ করে। মোটামুটি দেড়শ কোটি মানুষের ভাষা আমরা প্রায় হেসে-খেলেই শিখে ফেলছি। তো এখন একটু আগ বেড়ে যদি ইংরেজি ভাষাটা শিখে ফেলা যায়, যা কিনা আরও ১৫০ কোটি মানুষের জ্ঞাতব্য ভাষা, তবে ভাষার বিশ্বজয় করতে আর কী বাকি থাকে। এভাবে চিন্তা করেছি কি?

বলাবাহুল্য যে, বর্তমান পৃথিবীতে ইংরেজি সবচেয়ে বেশি ব্যবহৃত ও চর্চিত ভাষা। ইংরেজি ভাষা ছাড়া যোগাযোগদক্ষতার কথা কল্পনা করা যায় না। এমনকি এতগুলো ভাষার দক্ষতা আমরা প্রয়োজনমাফিক কাজে লাগাতে পারছি না কেবল ইংরেজি না জানার কারণে। কওমি মাদরাসার উচ্চতর কর্তৃপক্ষের অনেকেই ইংরেজি ভাষার প্রয়োজনীয়তা বোঝা সত্ত্বেও সিলেবাসে যথাযথভাবে ইংরেজি শিক্ষাকে অন্তর্ভুক্ত করার কার্যকর প্রচেষ্টা

গ্রহণ করছেন না। ফলে অনেক মেধাবী ও সচেতন শিক্ষার্থী ইংরেজি শেখার ভীষণ আগ্রহ মনে মনে পুষলেও তাদের উপযোগী করে ইংরেজি শেখার প্রয়োজনীয় উপকরণের অভাব তাদের ইচ্ছা পূরণে বিঘ্নতা সৃষ্টি হচ্ছে। মূলত তাদের জন্যই আমাদের এই প্রয়াস। আমরা দায়িত্ব নিয়েই বলছি, একজন কওমি মাদরাসা-শিক্ষার্থী কোনো শিক্ষকের সহযোগিতা ছাড়া প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত ইংরেজি শিখতে পারবে নিজে নিজে, এই বইটির মাধ্যমে। সেখান থেকে ইংরেজির অ্যাডভান্স লেভেলে পৌঁছে দেওয়ার দায়িত্বটাও আমরাই নেব, এই সিরিজের পরবর্তী বইগুলোর মাধ্যমে।

এখানে একটা বিষয় উল্লেখ করা জরুরি মনে করছি যে, বাংলাদেশের প্রচলিত সিলেবাসের বাইরে ইংরেজি শেখার অনেক কোর্স ও বইপত্র আছে, এসব বই ও কোর্সের অধিকাংশেই স্পোকেন ইংলিশ তথা ইংরেজিতে কথোপকথনের ওপর ফোকাস করা হয়, যা স্কুল-কলেজ-ইউনিভার্সিটি পড়ুয়া ছেলে-মেয়েদের জন্য উপযোগী। যারা ইতিমধ্যে ইংরেজি ভাষা অনেক দূর শিখে ফেলেছে এবং ফিউচার ক্যারিয়ারের জন্য স্পোকেন ইংলিশে দক্ষ হতে চাইছে। এ ক্ষেত্রে মাদরাসা-শিক্ষার্থীরা ব্যতিক্রম। এ ছাড়াও মাদরাসা-শিক্ষার্থীদের জন্য ইংরেজি পড়ে বুঝতে পারাটা বেশি জরুরি, বলতে পারার চেয়ে। তাই এই বইটিতে সেদিকেই নজর দেওয়া হয়েছে এবং মাদরাসা-শিক্ষার্থীদের উপযোগী করে তৈরি করা হয়েছে। পাশাপাশি কেউ যদি চায়, তবে সরাসরি লেখকের সাথে কানেক্ট হয়েও নিজের ইংরেজি শেখার যাত্রাকে এগিয়ে নিতে পারবে। সেই ব্যবস্থাও আমরা রাখছি। আমরা সর্বাত্মক চেষ্টা করেছি বইটাকে ত্রুটিমুক্ত করে প্রকাশ করতে। তারপরও যদি কারও চোখে কোনো ভুল ধরা পড়ে সে ক্ষেত্রে আমাদের জানানোর অনুরোধ থাকল।

বিনীত,

আবদুর রহমান আদ-দাখিল

ডেমরা, ঢাকা

২৩/০৭/২০২৪

# প্রাথমিক দিগনির্দেশনা

বইটা তিনটা অংশে বিভক্ত। প্রথম অংশে আমাদের উদ্দেশ্য ইংরেজি পড়তে শেখানো। দ্বিতীয় অংশে বুঝতে শেখানো। আর তৃতীয় অংশে এতদিন যা পড়লাম, বুঝলাম—ওগুলোর কেতাবি নামধাম শেখানো। অর্থাৎ গ্রামার।

প্রতি চ্যাপ্টারে আপনি কী পড়বেন, তার দিগনির্দেশনা দেওয়া আছে। আপনি সেই দিগনির্দেশনা অনুযায়ী জাস্ট ওটুকুই পড়বেন। এর বেশি করতে গেলে আপনার সমস্যা হতে পারে।

একটা উদাহরণ দিয়ে শেষ করি।

ধরুন প্রথম অংশে, যেখানে আমাদের উদ্দেশ্য পড়তে শেখানো। এই অংশে ব্যাপক কঠিন ও দুর্বোধ্য কিছু শব্দ আছে, যেগুলো ইহজীবনে আপনার কাজে নাও লাগতে পারে।

এখানে আমাদের উদ্দেশ্য আপনাকে জাস্ট সেই শব্দগুলো বানান করতে, উচ্চারণ করতে এবং পড়তে শেখানো। তো আপনি যদি এই শব্দগুলোর অর্থ কী তা অনুসন্ধানে নেমে যান, সেগুলোর অর্থ মুখস্থ করতে লেগে যান, তাহলে আপনি বিপদে পড়বেন!

প্রতিদিন এক চ্যাপ্টার করে পড়বেন। ফলে ৪০ দিনে আশা করি বইটা শেষ হয়ে যাবে।

এবং এই চল্লিশ দিনে, ঘরে বসে, নিজে নিজে আপনি ইংরেজি শেখার প্রাথমিক থেকে মাধ্যমিক লেভেল পর্যন্ত শেষ করে ফেলবেন!

আপনি জাস্ট আমাদের দেওয়া দিগনির্দেশনাগুলো ফলো করুন, যথাযথভাবে। A, B, C, D থেকে শুরু করে ইংরেজি পত্রিকা পড়ার মতো উপযুক্ত করে আপনাকে গড়ে তোলা আমাদের দায়িত্ব।

# প্রথম ভাগ

## পড়তে শেখা

পাশে লেখা উচ্চারণ দেখে অক্ষরগুলো বিশুদ্ধভাবে পড়তে শিখি—

# Chapter-1

## Alphabets

UPPERCASE (বড় হাতের)

| | | | |
|---|---|---|---|
| A (এই) | B (বি) | C (সি) | D (ডি) |
| E (ই) | F (এ্যফ) | G (জি) | H (এইচ) |
| I (আই) | J (জেই) | K (খেই) | L (এল) |
| M (এম) | N (এন) | O (ঔ) | P (পি) |
| Q (খিউ) | R (আ'র') | S (এস) | T (ঠি) |
| U (ইউ) | V (ভি) | W (ডাবল ইউ) | X (এক্স) |
| | Y (ওয়াই) | Z (যেড) | |

# আসুন একটু গপ্পোসপ্পো করি

আপনারা নিশ্চয়ই বাংলা ভাষা জানেন। বিদেশি ভাষাও হয়তো কোনোটা জানেন। বাংলাতে দেখুন আমরা বর্ণমালা হিসেবে ব্যবহার করি অ, আ, ই, ঈ ইত্যাদি। এগুলো সবসময়ই একইভাবে লিখি। মাঝে মাঝে যুক্তবর্ণ-টর্ণ হলে তখন নিচে দিয়ে বসিয়ে দিই হালকা করে। তাই না?

সেম টু সেম আমাদের পরিচিত বিদেশি ভাষাগুলো—যেমন আরবি, উর্দু, হিন্দি, ফারসি এগুলোতেও বর্ণমালা একই থাকে। আপনাদের অনেকেই হয়তো আরবি-উর্দু জানেন। আরবি হরফগুলো সবসময় কিন্তু একইভাবে লিখতে হয়। উর্দুগুলোও।

কিন্তু ইংরেজিতে এখানে হালকা একটু ক্যাচাল আছে। ইংরেজি A, B, C, D লেখা যায়। কিন্তু সবসময় এভাবে লেখা হয় না। ইংরেজি বর্ণমালাগুলোকে দুইভাবে লেখা হয়। যেটা লিখলাম তাকে বলে বড় হাতের। ছোট হাতের A, B, C, D বলতে আরেকটা জিনিস আছে। ওইটাকে লেখে a, b, c, d এইভাবে।

অর্থাৎ ইংরেজি বর্ণমালাগুলো দুইভাবে লেখা হয়। বড় হাতের এবং ছোট হাতের। বড় হাতেরগুলো তো দেখলামই। এবার চলুন ছোট হাতেরগুলো দেখে আসি। না কী বলেন?

**ছোট হাতের অক্ষর শিখি—**

**LOWERCASE (ছোট হাতের)**

| | | | |
|---|---|---|---|
| a | b | c | d |
| e | f | g | h |
| i | j | k | l |
| m | n | o | p |
| q | r | s | t |
| u | v | w | x |
| | y | z | |

বড় হাতের এবং ছোট হাতের একসাথে—

| | |
|---|---|
| A | a |
| B | b |
| C | c |
| D | d |
| E | e |
| F | f |
| G | g |
| H | h |
| I | i |
| J | j |
| K | k |
| L | l |
| M | m |
| N | n |
| O | o |
| P | p |
| Q | q |
| R | r |
| S | s |
| T | t |
| U | u |
| V | v |
| W | w |
| X | x |
| Y | y |
| Z | z |

## আরেকটু গপ্পোসপ্পো

বাংলায় স্বরবর্ণ আর ব্যঞ্জনবর্ণের সাথেও আপনি নিশ্চয়ই পরিচিত।

ইংরেজিতেও স্বরবর্ণ আর ব্যঞ্জনবর্ণ আছে।

ইংরেজিতে বর্ণ মোট ২৬টা। এগুলোকে বলে অ্যালফাবেট (Alphabet) বা বর্ণমালা।

তার মধ্যে মাত্র ৫টা স্বরবর্ণ বা ভাউয়েল (Vowel)।

বাকি থাকে ২১টা। এই ২১টা হলো ব্যঞ্জনবর্ণ বা কনসোন্যান্ট (Consonant)।

⇒ A, E, I, O, U হলো স্বরবর্ণ বা Vowel (ভাউয়েল)
⇒ বাকিগুলো ব্যঞ্জনবর্ণ বা Consonant (কনসোন্যান্ট)

## দ্বিতীয় চ্যাপ্টারে যাওয়ার আগে করণীয়—

১. বড় হাতের ও ছোট হাতের ইংরেজি বর্ণগুলো ভালোভাবে পড়া ও চেনা
২. পাঁচটি ভাউয়েল ঠোঁটস্থ করে ফেলা (ভাওয়েল-কনসোন্যান্ট ইংরেজি শব্দদ্বয়ের বানান মুখস্থ করতে হবে না)
৩. হাতের লেখা শিটে বড় হাতের ও ছোট হাতের বর্ণগুলো প্র্যাকটিস করা (এই ফুল সেটের অংশ হিসেবে একটি হাতের লেখা প্রশিক্ষণের খাতাও রয়েছে)
৪. এখন থেকে সব ধরনের ইংরেজি পড়তে চেষ্টা করা। সাবানের প্যাকেটে, শ্যাম্পুর বোতলে, বিস্কুটের ঠোঙায়—সোজা কথায় আল্লাহর এই দুনিয়ায় আপনার সামনে যত ধরনের ইংরেজি শব্দ আসবে, সবগুলো বানান করে দেখে দেখে পড়ার ট্রাই করবেন।

শব্দগুলো বানান করে এবং উচ্চারণ করে পড়তে শিখি—

# Chapter-2

## Pronunciation

A

| | |
|---|---|
| Am | অ্যাম |
| An | অ্যান |
| And | অ্যান্ড |
| Ant | অ্যান্ট |
| Art | আর্ট |

A

| | |
|---|---|
| Bad | ব্যাড |
| Cat | ক্যাট |
| Dad | ড্যাড |
| Map | ম্যাপ |
| Man | ম্যান |

I

| | |
|---|---|
| Big | বিগ |
| Mix | মিক্স |
| Fit | ফিট |
| Lip | লিপ |
| His | হিজ |

E

| | |
|---|---|
| Bed | বেড |
| Red | রেড |
| Net | নেট |

| | |
|---|---|
| Ten | টেন |
| Hen | হেন |

O

| | |
|---|---|
| Hot | হট |
| Not | নট |
| Pot | পট |
| Got | গট |
| Lot | লট |

U

| | |
|---|---|
| Fun | ফান |
| Sun | সান |
| Gun | গান |
| Run | রান |
| Cup | কাপ |

# অনুশীলনী—২

**নিচের শব্দগুলো বানানসহ উচ্চারণ করে পড়ো—**

(ওপরে যে ধরনের বানান ব্যবহার করা হয়েছে, এখানে ঠিক সেই বানানগুলোই ব্যবহার করা হয়েছে। আগের বানানগুলো বুঝে থাকলে আশা করি এগুলো পড়তে তেমন কোনো সমস্যা হবে না। প্রতিটি চ্যাপ্টারেই এরকম শব্দাবলি থাকবে।)

| | | | | |
|---|---|---|---|---|
| Art | Mat | Hen | If | Lid |
| Act | Pat | Men | In | Mix |
| Apt | Rag | Ten | Is | Pit |
| Ask | Rat | Net | It | Rip |
| Ash | Sad | Wet | Pin | Sin |
| Add | Tag | Vet | Bit | Six |
| Can | Bed | Jet | Did | Win |
| Cat | Red | Set | Dig | Bud |
| Had | Fed | Gem | Hit | Mud |
| Mad | Wed | Leg | Kid | Nun |

আপনি কি শব্দগুলো পড়তে পারছেন?
সম্ভবত পারছেন।

তাতেও যদি খুঁতখুঁত থাকে মনে যে—আমি যেভাবে উচ্চারণ করলাম, শব্দগুলো আদৌ সেইভাবে উচ্চারিত হয় কি না!

তাহলে বইয়ের শেষদিকে শব্দগুলোর উচ্চারণ দেওয়া আছে। দেখে নিতে পারেন।

যদিও আমি উৎসাহিত করি আপনি শব্দের উচ্চারণগুলো যেকোনো একটা ইংরেজি-বাংলা ডিকশনারি থেকে শিখুন। কিংবা অন্তত হাতের মোবাইলে প্লেস্টোর থেকে একটা ডিকশনারি ডাউনলোড করে নিলে সেখান থেকে শিখতে পারবেন।

## তৃতীয় চ্যাপ্টারের আগে করণীয়—

⇒ আজকের চ্যাপ্টারের সবগুলো শব্দ নিজে নিজে পড়ে ফেলা
⇒ অনুশীলনীর শব্দগুলো উচ্চারণসহ পড়ে শেষ করা
⇒ ডে টু-এর হাতের লেখা প্র্যাকটিস করা। হাতের লেখার কথা মনে আছে, না ভুলে গেছেন?

নিচের শব্দগুলো বানান করে উচ্চারণসহ পড়ো—

# Chapter-3

## TWO SYLLABLE

| | | | |
|---|---|---|---|
| Pa-per | পেপার | Ta-ble | টেইবল |
| Le-mon | লেমন | Pi-llow | পিলৌ |
| Me-lon | মেলন | Win-dow | ওইন্ডো |
| Ri-ver | রিভার | Bo-ttle | বটল |
| Ti-ger | টাইগার | Li-ttle | লিটল |
| Gar-den | গার্ডেন | Bu-tton | বাটন |
| Bas-ket | বাস্কেট | Co-tton | কটন |
| Pen-cil | পেনসিল | Cir-cle | সার্কল |
| Mar-ket | মার্কেট | Ca-rrot | ক্যারট |
| Jum-per | জাম্পার | Ha-mmer | হ্যামার |

# অনুশীলনী—৩

নিচের শব্দগুলো বানান করে উচ্চারণসহ পড়ো—

| | | |
|---|---|---|
| Allah (Al-lah) | Zipper (Zi-pper) | Poster (Pos-ter) |
| Letter (Le-tter) | Apple (Apple) | Lorry (Lo-rry) |
| Network (Net-work) | Subject (sub-ject) | Human (Hu-man) |
| Optic (Op-tic) | Witness (Wit-ness) | Madness (Mad-ness) |
| Silver (Sil-ver) | Fancy (Fan-cy) | Extra (Ex-tra) |
| Golden (Gol-den) | Laptop (Lap-top) | Ultra (Ul-tra) |
| Fiber (Fi-ber) | Candy (Can-dy) | Intro (In-tro) |
| Upset (Up-set) | Gunman (Gun-man) | Info (In-fo) |
| Velvet (Vel-vet) | Army (Ar-my) | Unit (U-nit) |
| Website (Web-site) | Cannon (Ca-nnon) | Order (Or-der) |
| Actor (Ac-tor) | Active (Ac-tive) | Enemy (Ene-my) |
| Even (E-ven) | Exit (Exit) | Idea (I-dea) |
| Egg | Iron (I-ron) | Under (Un-der) |
| Orange (O-ran-ge) | Office (O-ffice) | Use |

## চতুর্থ চ্যাপ্টারের আগে করণীয়—

⇒ ওপরের শব্দগুলো ভালোভাবে বানান করে পড়ে ফেলা

⇒ ডে থ্রি-এর হাতের লেখা প্র্যাকটিস করে ফেলা

আশা করি বইটা পড়ার প্যাটার্ন আপনারা বুঝে যাচ্ছেন। তাই না?

# Chapter-4

## CK-ক্

| | |
|---|---|
| Block | ব্লক |
| Clock | ক্লক |
| Crack | ক্র্যাক |
| Ticket | টিকেট |
| Pocket | পকেট |

## NG-ং

| | |
|---|---|
| King | কিং |
| Long | লং |
| Orange | অ'রেঞ্জ |
| Revenge | রিভেঞ্জ |
| Range | রেইঞ্জ |

## PH-ফ্

| | |
|---|---|
| Phone | ফোন |
| Photo | ফটো |
| Dolphin | ডলফিন |
| Phase | ফেইজ |
| Phantom | ফ্যান্টম |

## EA

| | |
|---|---|
| Year | ইয়ার |
| Dear | ডিয়ার |
| Clear | ক্লিয়ার |
| Tear | টিয়ার |
| Near | নিয়ার |

## EE-ঈ

| | |
|---|---|
| Need | নিইড |
| Teen | টিইন |
| Sleep | স্লিইপ |
| Free | ফ্রি |
| Creek | ক্রিক |

## +R

| | |
|---|---|
| Cricket | ক্রিকেট |
| Grass | গ্র্যাস |
| Phrase | ফ্রেইজ |
| Problem | প্রব্লেম |
| Macro | ম্যাক্রো |

## CH-চ্

| | |
|---|---|
| Chair | চেয়ার |
| Change | চেইঞ্জ |
| Chat | চ্যাট |
| Children | চিলড্রেন |
| Chocolate | চঅকলেট |

## SH-শ্

| | |
|---|---|
| Ship | শিপ |
| Shepherd | শেফার্ড |
| Shop | শপ |
| Fish | ফিশ |
| Fresh | ফ্রেশ |

⇒ +R দিয়ে বোঝাচ্ছি যে, R-এর আগে কোনো একটা অক্ষর হলে তারপর যদি R হয় তখন উচ্চারণ কেমন হবে। অর্থাৎ দুইটা মিলে র-ফলা ধরনের উচ্চারণ হবে।

⇒ G-এর পর E থাকলে উচ্চারণ হচ্ছে ঞ্জ, আর E না থাকলে উচ্চারণ হচ্ছে অনুস্বারের (-ং) এর মতো, বিষয়টি খেয়াল করুন।

⇒ লক্ষ করুন, বিভিন্ন বর্ণের সাথে যুক্ত হওয়ার ফলে কীভাবে H-এর উচ্চারণ পরিবর্তিত হয়ে যাচ্ছে।

# অনুশীলনী—৪

নিচের শব্দগুলো বানান করে পড়ো—

| | | | |
|---|---|---|---|
| Fear | Jeep | Swing | Check |
| Tear | Deeply | Wrong | Chest |
| Shear | Tree | Range | Checker |
| Spear | Bee | Strange | Cheap |
| Steer | Week | Exchange | Cheating |
| Cheer | Ring | Challenge | Speechless |
| Learn | Wing | Arrangement | Wishful |
| Heart | Strong | Danger | Fisherman |
| Keep | Young | Zinger | Pushing |
| Meet | Feet | Cheese | Fashion |